# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬

ফোন- ০১৭৬৯-৭২১০১০, ফ্যাক্স-০২-৫৮০৫১০১০

ই-মেইল: regoffice@bsmrmu.edu.bd, ওয়েবঃ www.bsmrmu.edu.bd


**বিজ্ঞপ্তি নম্বর: বিএসএমআরএমইউ/রেজি-৩৩৬/২২/০২** **তারিখ: ২০/১০/২০২২**

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২০১৩ সনের ৪৭ নং আইন দ্বারা প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর জন্য নিম্নবর্ণিত পদসমূহে কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে:

| ক্র. নং | পদের নাম (বেতনক্রম), পদসংখ্যা | সর্বোচ্চ বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | **সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক**<br>২৯,০০০-৬৩,৪১০/-<br>(গ্রেড-৭)<br><br>- ০১ (এক) জন | ৩৫ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যেকোনো বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য;<br>(খ) **অভিজ্ঞতা:** কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে শিক্ষা ও পরীক্ষা সংক্রান্ত কাজে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ মোট ৫ বৎসর চাকুরির অভিজ্ঞতা;<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) কর্মকর্তাগণ আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |
| ২. | **সেকশন অফিসার (লাইব্রেরি)**<br>২২,০০০-৫৩,০৬০/-<br>(গ্রেড-৯)<br><br>- ০১ (এক) জন | ৩০ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তথ্যবিজ্ঞান ও গ্রন্থগার ব্যবস্থাপনায় স্নাতকোত্তর ডিগ্রি। প্রার্থীকে লাইব্রেরি অটোমেশন সফটওয়্যার Koha বা সমমানের ILS (Integrated Library System) এ প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। শিক্ষার কোন স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য;<br>(খ) **অভিজ্ঞতা:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে আধুনিক লাইব্রেরি ব্যবস্থাপনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য;<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) কর্মকর্তাগণ আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |
| ৩. | **সহকারী যানবাহন কর্মকর্তা**<br>১৬,০০০-৩৮,৬৪০/-<br>(গ্রেড-১০)<br><br>- ০১ (এক) জন | ৩০ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়/কারিগরী শিক্ষা বোর্ড হইতে অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং-এ ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা।<br>(খ) **অভিজ্ঞতা:** কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত/কোনো বৃহৎ প্রতিষ্ঠানে যানবাহন রক্ষণাবেক্ষণে ন্যূনতম ৪ বৎসরের চাকুরির অভিজ্ঞতা থাকিতে হইবে;<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) সদস্যগণ আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |
| ৪. | **ল্যাবরেটরি টেকনিশিয়ান (জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ)**<br>(১১,০০০-২৬,৫৯০/-)<br>(গ্রেড-১৩)<br><br>- ০১ (এক) জন | ৩০ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক পাস। সংশ্লিষ্ট বিষয়ে কোনো ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট হইতে ডিপ্লোমা সম্পন্নকারী প্রার্থী অগ্রাধিকারযোগ্য;<br>(খ) অভিজ্ঞতা: সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে;<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) সদস্যগণ আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |
| ৫. | **ল্যাবরেটরি অ্যাটেনডেন্ট (রসায়ন বিভাগ)**<br>(৮,৫০০-২০,৫৭০/-)<br>(গ্রেড-১৯)<br><br>- ০১ (এক) জন | ৩০ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) **অভিজ্ঞতা:** বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী/কম্পিউটারে পারদর্শী এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে;<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |

**** জাতীয় বেতন-স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন-স্কেল উল্লেখ করা হইয়াছে। সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত জাতীয় বেতন-স্কেল বিশ্ববিদ্যালয়ের জন্যও সমভাবে প্রযোজ্য হইবে।**

### শর্তাবলী:

১। অগ্রহী প্রার্থীদের **স্বহস্তে পূরণকৃত আবেদনপত্র ২০ নভেম্বর ২০২২ তারিখ এর মধ্যে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬** ঠিকানায় ডাকযোগে/সরাসরি অফিস সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে। আবেদন ফরমসমূহ এই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.bsmrmu.edu.bd** বা রেজিস্ট্রার অফিস হইতে সংগ্রহ করা যাইবে। প্রার্থীত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে। আবেদনপত্রের সহিত প্রার্থীর বর্তমান /যোগাযোগের ঠিকানাসহ ১০ টাকার ডাকটিকেট সম্বলিত ফেরত খাম সংযুক্ত করিতে হইবে।

২। **বিএসএমআরএমইউ জেনারেল ফান্ড**-এর অনুকূলে যে কোন তফশিলী ব্যাংক হইতে ১-২ নং পদের জন্য ৬০০/০০ (ছয়শত), ৩ নং পদের জন্য ৫০০/০০ (পাঁচশত), ৪ নং পদের জন্য ২০০/০০ (দুইশত) ও ৫ নং পদের জন্য ১০০/০০ (একশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট (অফেরতযোগ্য) আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।

৩। প্রার্থীকে আবেদনপত্রের সাথে সদ্যতোলা ৫ সে.মি. x ৫ সে.মি. সাইজের ০৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি এবং বিদেশি বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হইতে ইস্যুকৃত সমমান সনদের সত্যায়িত অনুলিপি জমা প্রদান করিতে হইবে। মৌখিক পরীক্ষার সময় সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করিতে হইবে।

৪। মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা কোটার প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি ও অন্যান্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি জমা প্রদান করিতে হইবে। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হইবে।

৫। **বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়:সীমা সর্বোচ্চ সীমার মধ্যে থাকিতে হইবে**। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার ক্ষেত্রে নির্ধারিত বয়:সীমা বিধিমতে শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতর পদে আবেদনের জন্য বয়:সীমা প্রযোজ্য নহে। বিভাগীয় প্রার্থী বলতে এই বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট পদে কর্মরত স্থায়ী কর্মকর্তা/কর্মচারী।

৬। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৭। অত্র বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নের মাধ্যম ইংরেজি বিধায় প্রার্থীর ইংরেজিতে পারদর্শিতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হইবে।

৮। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার তারিখ ডাকযোগে পত্র মারফত এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।

৯। গ্রেডিং পদ্ধতির সঙ্গে বিভাগ/শ্রেণির সমতাকরণের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার জিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের-শিম/শা:১১/১৯-১/২০০৭/১৭৪ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ মার্চ ২০১০ এবং বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার সিজিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৫-১(অংশ)/৫৮২ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ জুন ২০০৯-এর (২) (ক), (খ) ও (গ) অনুসৃত হইবে।

১০। **চাকুরিরত প্রার্থীদের অবশ্যই স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।**

১১। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস চট্টগ্রাম (৫নং মোহরা ওয়ার্ডের হামিদচর এলাকার মৌজা চর রাঙ্গামাটিয়া ও বাকলিয়া, থানা: বন্দর, জেলা: চট্টগ্রাম)-এ নির্মাণাধীন। তবে ২০২৩ সাল হইতে চট্টগ্রামে অস্থায়ী ক্যাম্পাস স্থানান্তরিত হইতে পারে।

১২। উপরোল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি পাইতে পারে।

**রেজিস্ট্রার**
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ